গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-১)
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০০১.১২.০০১.২৩

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
০৯,জানুয়ারী ২০২৩ খ্রিস্টাব্দ

## নোটিশ

**বিষয়ঃ** জনাব খন্দকার মুকুল হোসেন (জন্ম তারিখঃ ১৪/০৭/১৯৭৫খ্রিঃ),সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত) কাস্টম হাউস, বেনাপোল এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদান।

**সূত্রঃ** শুল্ক ও ভ্যাট প্রশাসন-৩ শাখার স্মারক নং ০৮.০১.০০০০.০১৩.০১.১৬-২০১৭/২৯৯ তারিখঃ ০৮/০১/২০২৩খ্রিঃ।

০২। উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আপনি গত ২৬/০৮/২০২২খ্রিঃ তারিখ যশোর বিমান বন্দর হতে ইউ এস বাংলা এয়ার লাইন্স (BS-122) যোগে হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। অবতরণের পর এভিয়েশন সিকিউরিটি, হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে আপনার ব্যাগ তল্লাশী করে ব্যাগের ভিতরে ২২,৯৯,০০০/- (বাইশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা পাওয়া যায়। এভিয়েশন সিকিউরিটি কর্তৃপক্ষের পত্র নম্বর-পরি/হশাআবি/পালা-ক/০৬ক, তারিখ: ২৬/০৮/২০২২খ্রিঃ তে উল্লেখ্য রয়েছে যে, বর্ণিত টাকার ব্যাপারে আপনাকে জিজ্ঞাসাবাদ করা হলে আপনি উক্ত টাকার উৎসের বিষয়ে কোন সদুত্তর দিতে পারেননি। সেপ্রেক্ষিতে, আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) (ই), বিধি ৩ (ঘ) (অ) অনুযায়ী অসদাচারণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে নিম্নস্বাক্ষরকারীকে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়।

০৩। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যক্তি হিসেবে আপনার সাক্ষ্য গ্রহণ করা প্রয়োজন। এমতাবস্থায়, আগামী ১৬/০১/২০২৩খ্রিঃ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে (কক্ষ নং -৪০৬) আপনার সাক্ষ্য গ্রহণের দিন ধার্য করা হলো। আপনার লিখিত বক্তব্য বা প্রয়োজনীয় প্রমানক বা দলিলাদি থাকলে তা সাক্ষ্য গ্রহণের দিন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ গাউছুল আজম
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
ও
তদন্তকারী কর্মকর্তা।

জনাব খন্দকার মুকুল হোসেন
সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িকবরখাস্ত)
কাস্টম হাউস
বেনাপোল, যশোর।

নথি নং-০৮.০১.০০০০.০০১.১২.০০১.২৩• ৩৭ (৮)

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ / ০৯ জানুয়ারী, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল, যশোর।
৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে নোটিশটি প্রকাশের অনুরোধসহ)।
৪। প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। ব্যাক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮। মামলার নথি।
৯। দপ্তর নথি।

০৯/০১/২০২৩

প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
ও
তদন্তকারী কর্মকর্তা।